



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি তিতুমীর কলেজ, ঢাকা।
www.titumircollege.gov.bd
titumircollegemail@gmail.com



তারিখ: ১৯/০৭/২০২৩খ্রি.

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে মাস্টার্স ১ম পর্ব ভর্তির বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে সরকারি তিতুমীর কলেজের বিভিন্ন বিভাগে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের মাস্টার্স ১ম পর্বে ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। যে সকল শিক্ষার্থী সরকারি তিতুমীর কলেজ থেকে ২০১৯ সালের ডিগ্রি (পাস) কোর্স ৩য় বর্ষ পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে এবং ২০১৫, ২০১৬, ২০১৭ ও ২০১৮ সনের ডিগ্রি ৩য় বর্ষ পরীক্ষায় CGPA-পেয়ে (ফলাফল সমন্বয়সহ) উত্তীর্ণ হয়েছে তারা আগামী ২৫/০৭/২০২৩খ্রি. থেকে ২০/০৮/২০২৩খ্রি. পর্যন্ত অনলাইন প্রক্রিয়া অনুসরণ করে ভর্তি সম্পন্ন করতে পারবে।

ক্রমিক	বিষয় সমূহ	টাকার পরিমাণ
০১	বাংলা, ইংরেজী, রাষ্ট্রবিজ্ঞান (নিয়মিত)	৩৮১২.০০
	বাংলা, ইংরেজী, রাষ্ট্রবিজ্ঞান (প্রাইভেট)	৩৪১২.০০
	ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, ইসলামী শিক্ষা, অর্থনীতি, সমাজবিজ্ঞান (প্রাইভেট)	৩৪১২.০০
	হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং ও ফিন্যান্স এন্ড ব্যাংকিং (প্রাইভেট)	৩৪১২.০০
০২	উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা ও গণিত (নিয়মিত)	৪০১২.০০

প্রতিদিন সকাল ০৯.০০টা হতে দুপুর ২.০০টা (সরকারি ছুটির দিন ব্যতিত) ভর্তি ফরম (সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান কর্তৃক স্বাক্ষরিত), টাকা জমার অনলাইন কপি ও অন্যান্য কাগজপত্রসহ শেখ কামাল প্রশাসনিক ভবনের ২য় তলা হিসাব শাখায় ১নং ও ২নং কাউন্টারে জমা দিতে হবে।

আবেদন ফরমের সাথে নিম্নলিখিত প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করতে হবে-

- ক) ডিগ্রি (পাস) ৩য় বর্ষ পরীক্ষা পাসের নম্বরপত্র/সার্টিফিকেট, প্রশংসাপত্র ও চারিত্রিক সনদের ফটোকপি।
- খ) ভর্তির পেমেন্ট স্লিপ এক কপি।
- গ) দুই কপি পাসপোর্ট সাইজ ছবি।

অনলাইন ভর্তির ধাপসমূহঃ-


ক) তিতুমীর কলেজের ওয়েবসাইট www.titumircollege.gov.bd এ প্রবেশ করে EMS এর Preliminary Master's অপশনের Admission থেকে Apply Now ক্লিক করে প্রয়োজনীয় তথ্য দিয়ে ভর্তি ফরম পূরণ করে প্রিন্ট নিতে হবে।

খ) শিক্ষার্থী যে বিভাগে ভর্তি হতে ইচ্ছুক সেই বিভাগে ভর্তি ফরম ও প্রয়োজনীয় কাগজপত্র জমা দিয়ে ভেরিফিকেশন সম্পন্ন করতে হবে। সংশ্লিষ্ট বিভাগ আবেদন ফরমে স্বাক্ষর ও সীল প্রদান করে শিক্ষার্থীকে ফেরত দিবে।

গ) শিক্ষার্থী পুনরায় ওয়েবসাইটে প্রবেশ করে payment অপশনে মোবাইল ব্যাংকিং বিকাশ/নগদ/উপায়/ডিবিবিএল/সোনালী পেমেন্ট গেটওয়ে পছন্দ করে পেমেন্ট সম্পন্ন করবে। টাকা জমা দেয়ার অনলাইন কপি নিজে সংরক্ষণ করবে।

ঘ) শিক্ষার্থী নিজ মোবাইলে ক্লাস রোল, আইডি ও পাসওয়ার্ড পাবে। ক্লাস রোল ভর্তি ফরমের নিদিষ্ট ঘরে হাতে লিখবে এবং কলেজের শেখ কামাল প্রশাসনিক ভবনের দোতলায় হিসাব শাখায় ফরম জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করবে।

ঙ) শিক্ষার্থীরা Login অপশনে প্রয়োজনীয় তথ্য দিয়ে ভর্তির স্ট্যাটাস দেখতে পারবে।


13.07.2023
অধ্যক্ষ

সরকারি তিতুমীর কলেজ
ঢাকা।

প্রফেসর ফেরদৌস আরা বেগম (২৬৭৩)
অধ্যক্ষ
সরকারি তিতুমীর কলেজ
ঢাকা।

বিতরণঃ

১. উপাধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ;
২. সম্পাদক, শিক্ষক পরিষদ, সরকারি তিতুমীর কলেজ;
৩. সকল বিভাগীয় প্রধান, সরকারি তিতুমীর কলেজ;
৪. আহ্বায়ক, ডিজিটাল ও অটোমেশন কমিটি, সরকারি তিতুমীর কলেজ;
৫. নোটিশ বোর্ড, সরকারি তিতুমীর কলেজ;
৬. প্রধান সহকারী/হিসাবরক্ষক, সরকারি তিতুমীর কলেজ;
৭. সংরক্ষিত নথি।